

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩৭

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৮. এক তৃতীয়াংশের কম ওয়াসীয়াত করা

باب الْوَصِيَّةِ بِأَقَلَّ مِنْ الثُّلُثِ

## আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ إِسْحَقَ بْنِ سُوَيْدٍ عَنْ الْعَلَاءِ بْنِ زِيَادٍ أَنَّ رَجُلًا سَأَلَ عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَالَ إِنَّ وَارِثِي كَلَالَةٌ فَأُوصِي بِالنِّصْفِ قَالَ لَا قَالَ لَا قَالَ فَالثُّلُثِ قَالَ لَا حَتَّى صَارَ إِلَى الْعُشْرِ فَقَالَ أَوْصِ بِالْعُشْرِ فَقَالَ أَوْصِ بِالْعُشْرِ فَقَالَ أَوْصِ بِالْعُشْرِ فَقَالَ أَوْصِ بِالْعُشْرِ

## বাংলা

৩২৩৭. আলা ইবনু যিয়াদ (রহঃ) হতে বর্ণিত, এক ব্যক্তি উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লান্থ আনন্থ কে জিজেস করলেন, আমার ওয়ারিস হচ্ছে 'কালালাহ' (পিতা ও সন্তানহীন)। এমতাবস্থায় আমি কি অর্ধেক সম্পদ ওয়াসীয়াত করব? তিনি বলেন, না। সে বলল, তবে এক তৃতীয়াংশ? তিনি বললেন, না। সে বলল, তবে এক চতুর্থাংশ? তিনি বললেন, না। সে বলল, তবে এক পঞ্চমাংশ? তিনি বললেন, না, এমনকি এভাবে এক দশমাংশ পর্যন্ত বলে চললেন। তখন তিনি বললেন, এক দশমাংশ ওয়াসীয়াত করতে পারো।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ক: এর রাবীগণ বিশ্বস্ত, তবে এর সনদ বিচ্ছিন্ন (মুনকাতি')।

তাখরীজ: সাঈদ ইবনু মানসূর নং ৩৩৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলা ইবনু যিয়াদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন